

Prime Minister's meeting with Mr. Osamu Suzuki, Senior Advisor, Suzuki Motor Corporation

May 23, 2022

সুজুকি মোটর কর্পোরেশনের বরিষ্ঠ উপদেষ্টা ওসামু সুজুকির সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 23 মে, 2022-এ টোকিওতে সুজুকি মোটর কর্পোরেশনের বরিষ্ঠ উপদেষ্টা ওসামু সুজুকির সাথে দেখা করেছেন। ওই বৈঠকে প্রধানমন্ত্রী ভারতে গাড়ি শিল্পে সুজুকি মোটরস-এর অবদানের কথা উল্লেখ করে তার প্রশংসা করেন। এদিনের বৈঠকে সুজুকি মোটর গুজরাট প্রাইভেট লিমিটেড এবং মারুতি সুজুকি ইন্ডিয়া লিমিটেড, অটোমোবাইল এবং অটো কম্পোনেন্ট সেক্টরে প্রোডাকশন লিঙ্কড ইন্সপেক্টিভস বা পিএলআই প্রকল্পের অধীনে অনুমোদিত আবেদনকারীদের মধ্যে ছিল বলে তাঁরা উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী এবং ওসামু সুজুকি তাঁদের বৈঠকে ভারতে গাড়ি শিল্পে বিনিয়োগ বাড়াতে, বিশেষ করে বৈদ্যুতিক গাড়ির ব্যবহার, ব্যাটারির চাহিদা মেটানো এবং তা পুনর্ব্যবহারযোগ্য করে তোলার ক্ষেত্রে ধারাবাহিকতা বজায় রাখার ওপর গুরুত্ব আরোপ করেন।

জাপান- ইন্ডিয়া ইনস্টিটিউট অফ ম্যানুফ্যাকচারিং (জেআইএম) এবং জাপানিজ এনডোড কোর্স (জেইসি)-র মাধ্যমে দক্ষতা বৃদ্ধিসহ ভারতে উদ্ভাবনী ব্যবস্থা গড়ে তোলার কৌশল নিয়েও তাঁরা আলোকপাত করেন।

টোকিও

মে 23, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.